

এসএস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ভূগোল ও পরিবেশ বিষয় কোড: 

১	১	০
---	---	---

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ্য করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।


১.► রিনা তার বোনকে বাংলাদেশ থেকে ডিসেম্বর মাসে ফোন করল। তার বোন রিপা তাকে জানাল “তার দেশে এখন গরমকাল চলছে।” বিভিন্ন স্থানে ঋতুগত পরিবর্তনের কারণে বিভিন্ন ধরনের প্রভাব বাড়ে।

- ক. বাংলাদেশের মধ্য দিয়ে কোন রেখা অতিক্রম করেছে? ১  
খ. আঞ্চলিক গতির ফলে পৃথিবীতে জোয়ার-ভাটা হয়- বুঝিয়ে লেখ। ২  
গ. রিনা এবং রিপার দেশে ঋতুগত তারতম্যের কারণ ব্যাখ্যা কর। ৩  
ঘ. এই ধরনের তারতম্যের ফলে কি কি ধরনের প্রভাব পড়বে বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

২.► নোমান চাকুরির সুবাদে রিয়াদে গেল। রিয়াদের দ্রাঘিমা  $৪৫^{\circ}$  পূর্ব। সে ঢাকায় তার মাকে ফোন করলে তার মা জানাল, “এখন ঢাকায় স্থানীয় সময় দুপুর ২টা।” ঢাকার দ্রাঘিমা  $৯০^{\circ}$  পূর্ব।


- ক. সূচক কি? ১  
খ. মানচিত্রের জন্য শিরোনাম গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২  
গ. ঢাকার স্থানীয় সময় যখন ২টা (দুপুর) তখন রিয়াদের স্থানীয় সময় কত? ৩  
ঘ. উল্লেখিত স্থান দুটির মধ্যে সময়ের ব্যবধান হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৩.►




ক. ট্রপোবিরতি কী? ১

- খ. উচ্চতা কোন স্থানের জলবায়ু নিয়ন্ত্রণ করে- বুঝিয়ে লেখ। ২  
 গ. চিত্রে প্রদর্শিত 'A' স্তর এর বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩  
 ঘ. এই ধরনের বিভিন্ন স্তর পৃথিবীর জন্য গুরুত্বপূর্ণ বিশ্লেষণ কর। ৪  
 ৪. ▶




- ক. ল্যাব্রাডর কি ধরনের সমুদ্রস্রোত? ১  
 খ. সমুদ্রের গভীরতার তারতম্যের জন্য সমুদ্রস্রোত সৃষ্টি হয়- বুঝিয়ে লেখ। ২  
 গ. চিত্র 'ক' তে প্রদর্শিত ঘটনার পেছনে কী কারণ রয়েছে? ব্যাখ্যা কর। ৩  
 ঘ. চিত্র 'ক'তে প্রদর্শিত ঘটনা মানব জীবনের উপর কী ধরনের প্রভাব ফেলবে বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

৫. ▶



- ক. শাখানদী কি? ১  
 খ. ল্যাকোলিথ পর্বতের গঠন প্রক্রিয়া ব্যাখ্যা কর। ২  
 গ. চিত্রে প্রদর্শিত বিষয়টির তিন ধরনের গতিপথ ব্যাখ্যা কর। ৩  
 ঘ. এই ধরনের প্রবাহপথে সৃষ্ট বিভিন্ন প্রকার সঙ্কয়জাত ভূমিরূপের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৪



- ক. বঙ্গোপসাগরের তটরেখার দৈর্ঘ্য কত কিলোমিটার? ১
- খ. টারশিয়ারি যুগের পাহাড়ের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২
- গ. মানচিত্রে প্রদর্শিত 'ক' এলাকার বনভূমির বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩
- ঘ. বাংলাদেশের অর্থনীতিতে 'ক' এবং 'খ' স্থানে অবস্থিত বনভূমির গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৭. ▶ সফিপুর গ্রামে সম্প্রতি নানা ধরনের নাগরিক সুবিধা যেমন বিদ্যুৎ, রাস্তা, বাঁধ, সুউচ্চ ভবন, শিল্পকারখানা, তথ্য-প্রুক্তি প্রভৃতি সুবিধা এসেছে। তবে অধিকাংশ ভবন, শিল্প প্রতিষ্ঠান এবং রাস্তা-বাঁধ যেখানে সেখানে গড়ে উঠেছে। তাই সফিপুর এলাকায় নগরায়ন হলেও নানা ধরনের সমস্যা বেড়েই চলেছে।

- ক. চট্টগ্রাম শহরে কি ভিত্তিক নগর গড়ে উঠেছে? ১
- খ. বিক্ষিপ্ত বসতির বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২
- গ. সফিপুর্বে যে ধরনের নগরায়ন ঘটেছে তার ফলে কী কী ধরনের সমস্যা সৃষ্টি হবে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. সফিপুর্বে যথাযথ নগরায়নের জন্য এর সমস্যা সমাধানে তুমি কী কী পদক্ষেপ গ্রহণের পরামর্শ দিবে- ব্যাখ্যা কর। ৪

৮. ▶ রাকীব এবং বাঁধন দুই বন্ধু তাদের এলাকায় শিল্প প্রতিষ্ঠান স্থাপনের চিন্তা করল। রাকীব এ জন্য পোশাক শিল্প এবং বাঁধন ঔষধ শিল্পকে বেছে নিল। তাদের শিল্প প্রতিষ্ঠানে ঐ এলাকার অনেক লোকের কর্মসংস্থানের সুযোগ হলো।

- ক. অর্থনৈতিক কাজ কত প্রকার? ১
- খ. কিভাবে সম্পদ সংরক্ষণ করা যায়? ব্যাখ্যা কর। ২
- গ. রাকীব এবং বাঁধনের শিল্পগুলোর গড়ে ওঠার পেছনে কী কী নিয়ামক কাজ করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রাকীব এবং বাঁধনের প্রতিষ্ঠিত শিল্পগুলো দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে- বিশ্লেষণ কর। ৪

৯. ► সোহেল রানা একজন গাইড। সে দেশের বিভিন্ন প্রাকৃতিক ঐতিহাসিক স্থানে বিদেশ থেকে আগত পর্যটকদের নিয়ে বেড়াতে যায়। তার মতো আরও কিছু শিক্ষিত বা অল্পশিক্ষিত যুবক এই কাজকে পেশা হিসেবে গ্রহণ করেছে।


ক. 'বিলিয়ন ডলার শিল্প' কোনটি? ১

খ. প্রথম পর্যায়ের অর্থনৈতিক কাজ বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উল্লেখিত শিল্পটির গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. এই শিল্পের উন্নয়নের জন্য কী ধরনের পদক্ষেপ গ্রহণ করা যায় বলে তুমি মনে কর? ৪

১০. ►



ক. স্পারসো কি? ১

খ. খরা হওয়ার কারণ ব্যাখ্যা কর। ২

গ. দুর্যোগের ক্ষেত্রে 'ক' চক্রের উদ্দেশ্যগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. উল্লেখিত 'ক' চক্রটি দুর্যোগের ক্ষয়ক্ষতি হ্রাস করতে স্তরে স্তরে কাজ করে- বিশ্লেষণ কর। ৪

১১. ► বি এ এফ শাহীন কলেজ ঢাকার শিক্ষার্থীরা সিলেটে শিক্ষা সফরে গেল। সেখানে তারা দেশের দুটি প্রধান খনিজ সম্পদের খনি দেখল। এই সম্পদ দুটি দেশের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান আবার বাসা বাড়িতেও ব্যবহার করা হয়।

ক. ছাতকে কোন কারখানা গড়ে উঠেছে? ১

খ. পোশাকশিল্পের অবদান ব্যাখ্যা কর। ২

গ. বাংলাদেশের মানচিত্র অঙ্কন করে উল্লেখিত খনিজ সম্পদ দুটির অবস্থান চিহ্নিত কর। ৩

ঘ. বাংলাদেশের অর্থনীতিতে সম্পদ দুটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।।

১. ভূগোলবিদ ইরাটসথেনিস কোন দেশের বাসিন্দা ছিলেন?

- (ক) আমেরিকা (খ) গ্রীস  
(গ) জার্মান (ঘ) ইংল্যান্ড

২. ভৌত পরিবেশের উপাদান কোনটি?

- (ক) শিক্ষা (খ) রীতিনীতি  
(গ) মূল্যবোধ (ঘ) পশুপাখি

৩. আফ্রিক গতির বেগ সবচেয়ে বেশি কোথায় ?

- (ক) উত্তর মেরুতে (খ) দক্ষিণ মেরুতে  
(গ) নিরক্ষরেখায় (ঘ) মূল মধ্যরেখাতে

৪. কোন গ্রহের ২২টি উপগ্রহ আছে?

- (ক) মঙ্গল (খ) বৃহস্পতি  
(গ) শনি (ঘ) ইউরেনাস

৫. সবগুলো জেলাসহ বাংলাদেশকে দেখানো হয় কোন মানচিত্রে?

- (ক) দেয়াল (খ) মৌজা  
(গ) এটলাস (ঘ) টপোগ্রাফিক

৬. পৃথিবী নিজ অক্ষে কোন দিকে ঘুরছে?

- (ক) পূর্ব থেকে পশ্চিমে (খ) পশ্চিম থেকে পূর্বে  
(গ) উত্তর থেকে দক্ষিণে (ঘ) দক্ষিণ থেকে উত্তরে

চিত্র দুইটি পর্যবেক্ষণ করে ৭-৮ নং প্রশ্নের উত্তর দাও :



৭. চিত্র-১ এর ভূমিরূপ বাংলাদেশের কোন অঞ্চলে দেখা যায়?

- (ক) দক্ষিণ-পূর্বাঞ্চলে  
(খ) দক্ষিণ-পশ্চিমাঞ্চলে  
(গ) উত্তর-পশ্চিমাঞ্চলে  
(ঘ) উত্তর-পূর্বাঞ্চলে

৮. চিত্র-১ ও চিত্র-২ উভয়ের ভূমি গঠিত হয় —

- i. পলি সঞ্চারের মাধ্যমে

ii. নদীর মোহনায়

iii. ক্ষয় কার্যের মাধ্যমে

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii  
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯. পর্বতের বৃষ্টিহীন স্থানকে কী বলে?

- (ক) অনুবাত ঢাল (খ) প্রতিবাত ঢাল  
(গ) বৃষ্টিছায় অঞ্চল (ঘ) মরু অঞ্চল

১০. বায়ুর জলীয়বাষ্প ধারণ করাকে বলে বায়ুর—

- (ক) আর্দ্রতা (খ) সম্পৃক্ততা  
(গ) শিশিরাংক (ঘ) হিমাংক

১১. কোনটি শীতল স্রোত?

- (ক) উপসাগরীয়  
(খ) নিরক্ষীয় স্রোত  
(গ) ভারত মহাসাগরীয়  
(ঘ) ল্যাব্রাডর

১২. শীতলপ্রধান দেশে নদীর পানি সহজে জমে না কেন?

- (ক) লবণাক্ত পানি প্রবেশ করায়  
(খ) বায়ুপ্রবাহ বেশি থাকায়  
(গ) স্রোত বেশি থাকায়  
(ঘ) সূর্যরশ্মি বেশি পড়ায়

১৩. জোয়ার হয় কোনটির আকর্ষণে?

- (ক) সূর্যের (খ) নক্ষত্রের  
(গ) মঙ্গলের (ঘ) চন্দ্রের

১৪. বাংলাদেশের কোন বিভাগে জনসংখ্যার ঘনত্ব সবচেয়ে কম?

- (ক) ঢাকা (খ) রাজশাহী  
(গ) সিলেট (ঘ) খুলনা

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৫-১৬ নং প্রশ্নের উত্তর দাও :

১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় অনেক পরিবার ঘরবাড়ি ছেড়ে প্রতিবেশী দেশ ভারতে আশ্রয় গ্রহণ করে। যুদ্ধের পর কিছু ফিরে আসে বা বাকী পরিবার স্থায়ীভাবে বসবাস করতে শুরু করে।

১৫. আলোচ্য অংশে কোন ধরনের অভিবাসন ঘটেছে?
- ক স্থানীয়                      খ রাষ্ট্র অভ্যন্তরীণ  
গ গ্রামীণ                      ঘ আন্তর্জাতিক
১৬. উক্ত অভিবাসনের ফলে আশ্রয়দাতা দেশটির পরিবর্তন হতে পারে —
- i. অর্থনৈতিক  
ii. সামাজিক  
iii. জনবৈশিষ্ট্যগত  
নিচের কোনটি সঠিক?
- ক i ও ii                      খ i ও iii  
গ ii ও iii                      ঘ i, ii ও iii
১৭. বাংলাদেশে জনসংখ্যার ঘনত্ব কত?
- ক ৭৬৭ জন                      খ ৮৬৭ জন  
গ ৮৬৪ জন                      ঘ ১০১৫ জন
১৮. বাংলাদেশে জনপ্রতি কৃষি জমির পরিমাণ কত একর?
- ক .০৫                      খ .২৫  
গ .৫০                      ঘ .০০৫
১৯. রৈখিক বসতি সর্বদাই কোথায় দেখা যায়?
- ক সমতল ভূমিতে                      খ নদীর তীরে  
গ পাহাড়ের পাদদেশে                      ঘ বনাঞ্চলে
২০. বাংলাদেশের কোন অঞ্চলে বাঁশ ও বেত প্রচুর পাওয়া যায়?
- ক খাগড়াছড়ি                      খ হবিগঞ্জ  
গ সিলেট                      ঘ রাঙামাটি
২১. তিতাস কোন নদীর উপনদী?
- ক যমুনা                      খ পদ্মা  
গ মেঘনা                      ঘ কর্ণফুলী
২২. বাংলাদেশের অর্থনৈতিক অঞ্চল কত নটিক্যাল মাইল?
- ক ১২                      খ ১৮  
গ ২০০                      ঘ ৩৫০
২৩. শাহ আমানত বিমানবন্দর কোথায় অবস্থিত?
- ক ঢাকা                      খ চট্টগ্রাম

- গ সিলেট                      ঘ খুলনা
২৪. বাংলাদেশ কোন দেশ থেকে সবচেয়ে বেশি আমদানি করে?
- ক চীন                      খ ভারত  
গ জাপান                      ঘ রাশিয়া
- উদ্দীপকটি পড়ে ২৫-২৬ নং প্রশ্নের উত্তর দাও:  
সামিরের মামার বাড়ি দেশের মধ্যভাগে অবস্থিত। বরিশাল থেকে সামির মামার বাসায় বেড়াতে এসে এক ধরনের বনভূমির সাথে পরিচয় হলো। যে বনভূমির বৃক্ষের পাতা শীতকালে ঝরে যায় এবং গ্রীষ্মকালে গজায়।
২৫. সামিরের মামার বাড়ি যেখানে সেখানে কোন ধরনের বনভূমি দেখা যায়?
- ক ক্রান্তীয় চিরহরিৎ ও পাতাঝরা  
খ ক্রান্তীয় চিরহরিৎ  
গ ক্রান্তীয় পাতাঝরা  
ঘ শ্রোতজ
২৬. উদ্দীপকে উল্লিখিত বনভূমি কী কাজে লাগে —
- i. পরিবহনে  
ii. কৃষি উন্নয়নে  
iii. বৈদেশিক মুদ্রা অর্জনে  
নিচের কোনটি সঠিক?
- ক i ও ii                      খ i ও iii  
গ ii ও iii                      ঘ i, ii ও iii
২৭. বাংলাদেশের কতটি প্রজাতির অস্তিত্ব বিপন্ন?
- ক ১৯                      খ ২৩  
গ ২৭                      ঘ ৩৯
২৮. কার্বন ডাইঅক্সাইড বৃদ্ধির ফলাফল হলো—
- ক বৃষ্টিপাত বৃদ্ধি                      খ তাপমাত্রা বৃদ্ধি  
গ খরা বৃদ্ধি                      ঘ উদ্ভিদ বৃদ্ধি
২৯. বাংলাদেশে কোন অংশে ঘূর্ণিঝড় বেশি হয়?
- ক উত্তরাংশে                      খ পূর্বাংশে  
গ দক্ষিণাংশে                      ঘ পশ্চিমাংশে
৩০. বাংলাদেশে বার্ষিক গড় বৃষ্টিপাতের পরিমাণ কত মিলিমিটার?
- ক ২১০০                      খ ২২০০  
গ ২৩০০                      ঘ ২৪০০

উত্তর	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	